তারিখ 15 AUG 1994
পৃষ্ঠা ৬ কলাম ৪

আজকের কাগজ

10

## শ্রীপুরে রহস্যজনকভাবে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির গম চুরি

সবার জন্যে শিক্ষা প্রকল্প বাস্তবায়নে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি শ্রীপুর থানায় একমাত্র ১নং গয়েশপুর ইউনিয়নে চালু করা হয়েছে। কিন্তু বিভিন্ন বিদ্যালয়ে এ সব গম বিতরণে অনিয়ম এমনকি কোনো কোনো বিদ্যালয় থেকে রহস্যজনকভাবে গম চুরি হওয়ারও অভিযোগ পাওয়া গেছে। সম্প্রতি এ ইউনিয়নের নবগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪ বস্তা গম তালাবদ্ধ অফিস ঘর থেকে রাতের আঁধারে চুরি হওয়ার এক চাঞ্চল্যকর ঘটনা ঘটেছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির কতিপয় সদস্য কাউকে না জানিয়ে বিষয়টি ধামাচাপা দেয়ার চেষ্টা করে। কিন্তু পরবর্তীতে ঘটনাটি জানাজানি হয়ে গেলে জেলা দুর্নীতি দমন বিভাগ এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসে লিখিত অভিযোগ করলে সম্প্রতি থানা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) রফিকুল ইসলাম বিষয়টি সরেজমিনে তদন্ত করেন। শ্রীপুর থেকে সংবাদদাতা।